দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 11 NOV 1988
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 1

৩৩ 046

# বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি

## বিশ বৎসর পূর্তি উৎসব

## মহাসমাবেশ

**প্রধান অতিথিঃ মহামান্য রাষ্ট্রপতি, হুসেইন মুহম্মদ এরশাদ।**

**স্থানঃ পাকশী (সেতুর পাদদেশ) পাবনা।**

**সময়ঃ সকাল ১০টা, ২৮শে নভেম্বর, ১৯৮৮**

প্রিয় ভাই ও বোনেরা,

পাকশী মহাসমাবেশ সফল করুন। আমাদের কর্মসূচী বাস্তবায়নের প্রক্রিয়াকে জোরদার করুন। বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সাফল্যের নতুন অধ্যায়ের সূচনা করুন। বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির আন্দোলন বা সম্মেলন কোন কর্মসূচী কখনো ব্যর্থ হয়নি। ইন্‌শাআল্লাহ পাকশী সমাবেশও অতীতের মত সফল হবে।

সংগ্রামী ভাই ও বোনেরাঃ গত বিশ বৎসর যাবত ঢাকা কেন্দ্রিক আন্দোলন ও সম্মেলনের মাধ্যমে যেসব অধিকার অর্জিত হয়েছে, সমিতির কোন কর্মী বা সাধারণ শিক্ষকদের শৈথিল্যের কারণে পাকশী সমাবেশ ব্যর্থ হলে সেসব বিসর্জনের প্রক্রিয়ারই সূচনা হবে। তাই দেশের সকল প্রাথমিক শিক্ষক ভাই ও বোনেরা মহাসমাবেশকে সফল করুন। সকলেই যোগ দিন।

বিশেষ কর্মী সভাঃ ১৫ই নভেম্বর রাজবাড়ী ও লালমনির হাট, ১৬ই মাদারীপুর ও রংপুর, ১৭ই দিনাজপুর ও গোপালগঞ্জ, ১৮ই বগুড়া ও মাগুড়া, ১৯শে রাজশাহী ও যশোর, ২০শে চাঁপাইনবাবগঞ্জ, নড়াইল ও ঝিনাইদহ এবং ১৪ই নভেম্বর সিরাজগঞ্জ সকল সভায় কেন্দ্রীয় নেতৃবৃন্দ যোগদান করবেন।

বিশেষ জ্ঞাতব্যঃ রিজার্ভ বাসে আসা সুবিধাজনক। খুলনা বিভাগের বাসসমূহ পদ্মার পশ্চিমপাড়ে থাকবে। পাকশী সেতু পারাপারের বিশেষ অনুমতি নেওয়া হবে। কুষ্টিয়া, ভেড়ামারা, ঈশ্বরদী ও পাকশীতে পুরুষ ও মহিলা শিক্ষকদের পৃথকভাবে রাত্রি যাপনের ব্যবস্থা থাকবে। প্যাণ্ডেলে প্রচুর শিক্ষক রাত্রি যাপন করতে পারবেন। কিছু শীত বস্ত্র সংগে আনা বাঞ্ছনীয়। নির্ধারিত স্বল্প মূল্যে ২৭ তারিখ হতে আহারের ব্যবস্থা থাকবে। খাবার পানি, গোছল ও শৌচাগারের ব্যবস্থা থাকবে।

ট্রেনে আগত শিক্ষকগণ পাকশী অবতরণ করবেন। সম্মেলনে যোগদানকারী শিক্ষকদের বিশেষ ছুটির ব্যবস্থা করা হবে।

বিনীত

**অধ্যাপক আবুল কালাম আযাদ**
সভাপতি,
বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি,
প্রাথমিক শিক্ষক ভবন, মিরপুর, ১৩।

**কাজী আ, কা, ফজলুল হক**
সাধারণ সম্পাদক,
বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি।

সি— ৬১৬৮/৮৮